দৈনিক সংবাদ

তারিখ ... JUN 23 1999 ..

পৃষ্ঠা ৭ কলাম ৮

# বুয়েট ঃ ছাত্ররা আন্দোলনে যাচ্ছে

কৈলাস সরকার ॥ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ভাঙচুর ঘটনার তদন্ত কমিটি ও পেশকৃত রিপোর্ট বাতিল করে বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠনের দাবিতে বুয়েটের ছাত্র সংগঠন ও ছাত্র সংসদ সম্মিলিতভাবে আন্দোলনের প্রস্তুতি নিচ্ছে। গত ১৬ই জুন তারা উপাচার্যের কাছে স্মারকলিপিও দিয়েছে।

ছাত্র সংগঠনগুলোর আন্দোলনের প্রস্তুতি, অন্যদিকে ছাত্রদের বিরুদ্ধে শিক্ষক সমিতিসহ শিক্ষকদের কঠোর মনোভাব-সব মিলে বুয়েট পরিস্থিতি সংকটের মুখোমুখি হচ্ছে। দু মাস ধরে বুয়েট বন্ধ।

গত ২৬ ও ২৭শে এপ্রিল পরপর দু' দিন বুয়েট ক্যাম্পাসে ভাঙচুরের পর বুয়েট কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য বুয়েট বন্ধ ঘোষণা করেন।

বুয়েটের সাধারণ ছাত্র ও ছাত্র নেতৃবৃন্দ আন্দোলনের কর্মসূচি দিচ্ছেন। তারা নিয়মিতভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে সভা করেছেন। আগামীকাল সাংবাদিক সম্মেলন করা হবে।

জানা গেছে, শিক্ষক সমিতি ও অনেক শিক্ষক ছাত্রদের শাস্তির জোর দাবি জানিয়ে আসছেন। অনেক শিক্ষক স্পষ্ট জানিয়েছেন, ছাত্রদের শাস্তি না দিয়ে বুয়েট খোলা যাবে না।

এদিকে উপাচার্যের কাছে দেয়া স্মারকলিপিতে ছাত্র নেতৃবৃন্দ তদন্ত কমিটির নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলে তা বাতিলের দাবি জানিয়েছেন। বিচার বিভাগীয় তদন্ত কমিটির মাধ্যমে পূর্ণাঙ্গ রিপোর্ট পেশ করার দাবি জানিয়েছেন।

এ ছাড়া তারা কর্তৃপক্ষের বিরুদ্ধে স্বেচ্ছাচারিতার অভিযোগ এনেছেন।

ছাত্র নেতৃবৃন্দ অভিযোগ করেছেন, বুয়েটের উদ্ভূত পরিস্থিতিতে শিক্ষকরা বিভিন্নভাবে জড়িত থাকলেও তদন্ত চলাকালে কোন শিক্ষককে ডাকা হয়নি। শুধু ছাত্রদেরকে কারণ দর্শাও নোটিশ দেয়া হয়েছে। তাদেরকে বহিষ্কারের উদ্যোগ নেয়া হচ্ছে।